# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নাম প্রস্তুত আছে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জাহান্নাম প্রস্তুত আছে

পূর্ব হতেই জাহান্নাম সৃষ্টি করে রেখেছেন মহান আল্লাহ; যেমন এ কথা পূর্বেই আলোচিত হয়েছে। তিনি বলেছেন,

فَإِن لَّمْ تَفْعَلُوا وَلَن تَفْعَلُوا فَاتَّقُوا النَّارَ الَّتِي وَقُودُهَا النَّاسُ وَالْحِجَارَةُ  أُعِدَّتْ لِلْكَافِرِينَ

অর্থাৎ, যদি তোমরা তা (আনয়ন) না কর, এবং কখনই তা করতে পারবে না, তাহলে সেই আগুনকে ভয় কর, যার ইন্ধন হবে মানুষ এবং পাথর, অবিশ্বাসীদের জন্য যা প্রস্তুত রয়েছে। (বাক্বারাহঃ ২৪)।

وَاتَّقُوا النَّارَ الَّتِي أُعِدَّتْ لِلْكَافِرِينَ

অর্থাৎ, তোমরা সেই আগুনকে ভয় কর, যা অবিশ্বাসীদের জন্য প্রস্তুত রাখা হয়েছে। (আলে ইমরানঃ ১৩১)

মহানবী (ﷺ) জাহান্নাম স্বচক্ষে দর্শন করেছেন। সৃষ্টি করার পর মহান আল্লাহ জিবরীলকে দেখিয়েছেন। (জান্নাতের বিবরণ দেখুন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন